দৈনিক বাংলা

তারিখ ..2..1 JUN 1995 ... ..
পৃষ্ঠা ১ কলাম ৭ ...

31

# ইসলামী ভার্সিটিতে শান্তি-শৃংখলা রক্ষায় সবার সাহায্য চাই ঃ ভিসি

যশোর ব্যুরো ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ মোহাম্মদ ইনাম-উল-হক ক্যাম্পাসের শান্তি-শৃংখলা রক্ষা এবং লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে সব মহলের সাহায্য কামনা করেছেন। মঙ্গলবার দুপুরে তাঁর কার্যালয়ে তিনি দৈনিক বাংলা প্রতিনিধিকে আরও বলেন, বহিরাগতরাই ক্যাম্পাসে বিঘ্ন সৃষ্টির অপপ্রয়াস চালায়। উল্লেখ্য, গত ২৮ এপ্রিল এক সংঘর্ষে একজনের মৃত্যু হলে ইসলামী বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়। মঙ্গলবার পুনরায় ক্লাস শুরু হয়েছে।

ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মঙ্গলবার দুপুরে গিয়ে দেখা যায় শান্তিপূর্ণভাবে ক্লাস চলছে। ক্যাম্পাসের প্রধান প্রবেশ পথ, প্রশাসনিক ভবন এবং একাডেমিক ভবন সর্বত্রই পুলিশ প্রহরা। মঙ্গলবার ছাত্র-

(৫-এর পৃঃ দ্রঃ)

## ইসলামী ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

ছাত্রীদের উপস্থিতিও ছিল ভাল।

বিভিন্ন সূত্র জানায়, একটি ছাত্র সংগঠন বিশ্ববিদ্যালয়ের আশপাশে বিভিন্ন স্থানে মেস স্থাপন করেছে। ওই মেসে অবস্থান করে ছাত্র সংগঠনের বহিরাগত সশস্ত্র ক্যাডাররা। তারা তাদের মূল রাজনৈতিক সংগঠনের ছত্রচ্ছায়ায় ক্যাম্পাসে পেশীশক্তির জোরে প্রভাব বিস্তারের চেষ্টা চালাচ্ছে। আর মূল সংকট সেখানেই।

ভাইস চ্যান্সেলর ডঃ মোহাম্মদ ইনাম-উল-হক বলেন, ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ৫ সেপ্টেম্বর পুর্যন্ত সমস্ত ধরনের ছাত্র রাজনীতি বন্ধ থাকবে। এ ব্যাপারে ছাত্র সংগঠনগুলির সাথে সমঝোতা হয়েছে। তিনি বলেন, ইসলামী বিশ্ববিদ্যালয় এলাকা ঝিনাইদহ ও কুষ্টিয়া এই দুই প্রশাসনিক জেলার মধ্যে পড়াতে আইন-শৃংখলা রক্ষার ক্ষেত্রে সমস্যা হয়। এই সমস্যা সমাধানে তিনি চ্যান্সেলর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সাথেও কথা বলেছেন বলে জানান। অচিরেই 'এ সংক্রান্ত জটিলতার সমাধান হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ভাইস চ্যান্সেলর আরও বলেন, সমস্ত রাজনৈতিক দল ও ছাত্র সংগঠনের সহযোগিতা আমার দরকার। তিনি সবার সাহায্য পাবার ব্যাপারেও আশাবাদী। ৫ সেপ্টেম্বর পর্যন্ত ক্যাম্পাসে রাজনীতি বন্ধ থাকবে—এটাও ছাত্র সংগঠনগুলির সহযোগিতার ফসল বলে ডঃ মোহাম্মদ ইনাম-উল-হক মনে করেন।